

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলাবো, নরসিংদী
belabo.narsingdi.gov.bd

স্মারক নং ০৫.৩০.৬৮০৭.০০১.৯৯.০২.২২-

২০২০

তারিখ: ২৮/১১/২০২২


উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে দোকান ভাড়া বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার বেলাবো উপজেলার মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম ও ২য় তলার কক্ষসমূহ দোকান হিসেবে ভাড়া দেয়ার নিমিত্তে নির্মিত নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

১.	আবেদন ফরম বিক্রয় ও বিতরণের তারিখ সময় ও স্থানঃ	শুরুঃ ১৮/১২/২০২২ (অফিস চলাকালীন সময়) শেষঃ ২৬/১২/২০২২ সকাল ১১.০০ ঘটিকা উপজেলা সমাজসেবা কার্যালয়, বেলাবো, নরসিংদী
২.	আবেদন ফরম জমাদানের শেষ তারিখ, সময় ও স্থান:	২৬/১২/২০২২ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা সমাজসেবা কার্যালয়, বেলাবো, নরসিংদী
৩.	আবেদন ফরম জমাকৃত বাস্তব খোলার তারিখ, সময় ও স্থান	২৬/১২/২০২২ (দুপুর ১.০০ ঘটিকা) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেলাবো, নরসিংদী।
৪.	দোকান ভাড়া সময়সীমা	বরাদ্দ প্রদানের তারিখ হতে ১ (এক) বছর
৫.	দোকান ভাড়ার পরিমাণ ও জামানত	১ম এবং ২য় তলার দোকান প্রতি ন্যূনতম ভাড়া মাসিক ১৫০০/- (পনের শত টাকা) এবং জামানত ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা)।
৬.	আবেদনপত্রের মূল্য	৫০০/- (অফেরতযোগ্য)

শর্তাবলী :

- ১) আবেদনপত্রের সাথে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ আয়কর রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি (যদি থাকে), হালনাগাদ মূল্য সংযোজন কর (ভ্যাট) রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি (যদি থাকে) এবং ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটের মূলকপি জমা দিতে হবে।
- ২) যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি বেলাবো, নরসিংদী এর অনুকূলে জামানতের টাকা আবেদনপত্রের সহিত অবশ্যই সংযুক্ত করতে হবে।
- ৩) প্রতি বছর কর্তৃপক্ষ ভাড়া ও জামানত পুনঃ নির্ধারণ করবেন।
- ৪) বরাদ্দকৃত দোকানে আইন বিরোধী, রাষ্ট্র বিরোধী ও মুক্তিযুদ্ধ বিরোধী কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৫) স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী ব্যক্তি/পরিবারের কেউ দোকান ভাড়া নিতে পারবেন না।
- ৬) ০১ (এক) টি আবেদন ফরমে শুধুমাত্র ০১ (এক) টি দোকান ভাড়া নেয়ার জন্য আবেদন করা যাবে।
- ৭) কর্তৃপক্ষ হতে সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বা দাখিলকৃত কোন কাগজ অসত্য/ জাল পাওয়া গেলে অথবা আবেদনের শর্তসমূহ পূরণ করতে অসমর্থ হলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য করা হবে।
- ৮) প্রতিটি দোকানের বিপরীতে সর্বোচ্চ দাখিলকৃত দরদাতাকে অগ্রাধিকার ভিত্তিতে দোকান বরাদ্দ দেয়া হবে। এক্ষেত্রে সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে তাদের নির্বাচন করা হবে।
- ৯) প্রতি মাসের ১০ (দশ) তারিখের মধ্যে ভাড়া পরিশোধ করতে হবে। পর পর ০৩ (তিন) মাস ভাড়া প্রদানে ব্যর্থ হলে, কোনরূপ কারণ দর্শানো ছাড়াই বরাদ্দ বাতিল এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ১০) বিদ্যুৎ, জেনারেটর, পানি বিল উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি দ্বারা নির্ধারিত হবে। জেনারেটর, পানি, বিদ্যুৎ বিল সহ অন্যান্য ইউটিলিটি বিল স্ব স্ব দোকান বরাদ্দ গ্রহণকারীকে পরিশোধ করতে হবে।
- ১১) কোন অবস্থাতেই ভাড়াটিয়া নির্ধারিত বাণিজ্যিক কাজের বাইরে এ দোকান ব্যবহার করতে পারবে না এবং ভাড়া কৃত দোকান অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর বা ব্যবহারের জন্য পুনঃবরাদ্দ / ভাড়া (সাবলেট) প্রদান করা যাবে না।
- ১২) আবেদনের শর্ত পূরণে ভুল হলে তা বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের পরে কোন আবেদন দাখিল করা যাবে না।
- ১৩) প্রয়োজন মোতাবেক কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত পরিবর্তন, সংশোধন, বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(আয়শা জাম্মাত তাহেরা)
উপজেলা নির্বাহী অফিসার

ও
আহবায়ক

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি
বেলাবো, নরসিংদী